# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

বাড়ী নং-নোঙ্গর-০৩, রোড নং- ই/১, ব্লক-সি, শাহজালাল উপশহর, সিলেট-৩১০০

স্মারক নং ঃ সিশিবো/পনি/উমা/০৫/২০০৯/২৯৩ তারিখ ঃ ০৭/১০/২০০৯

## বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট-এর আওতাভুক্ত কলেজ/স্কুল ও কলেজের অধ্যক্ষ ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, অত্র শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিতব্য ২০১০ সালের এইচ এস সি পরীক্ষার আবেদন ফরম সংগ্রহ, ফিসের হার, বিবরণী ফরমসহ ও প্রয়োজনীয় ফিস জমাদানের তারিখ ও পরীক্ষা সংক্রান্ত অন্যান্য তথ্যাবলী নিম্নে দেয়া হলোঃ

১. পরীক্ষায় অংশ গ্রহণের যোগ্যতাঃ

(ক) ২০০৮-২০০৯ সালে নিবন্ধিত পরীক্ষার্থীগণ নিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১০ সালের এইচ এস সি পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে।

(খ) অনিয়মিত পরীক্ষার্থী ঃ

(i) সকল বিষয়ের পরীক্ষার্থী ঃ ২০০৫-২০০৬, ২০০৬-২০০৭, ২০০৭-২০০৮ শিক্ষাবর্ষের যে সকল পরীক্ষার্থী ২০০৯ সালের পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে অথবা অংশ গ্রহণ করেনি তারা ২০১০ সালের এইচ এস সি পরীক্ষায় অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশ গ্রহণ করতে পারবে।

(ii) এক বা দুই বিষয়ের পরীক্ষার্থী ঃ যে সকল পরীক্ষার্থী ২০০৬, ২০০৭, ২০০৮ ও ২০০৯ সালে অনুষ্ঠিত এইচ এস সি পরীক্ষায় সকল বিষয়ে অংশ গ্রহণ করে এক বা দুই বিষয়ে (চতুর্থ বিষয় ব্যতীত) অকৃতকার্য হয়ে ২০০৯ সালের এই এস সি পরীক্ষায় অংশ গ্রহণ করে নি তারা রেজিঃ মেয়াদ থাকা সাপেক্ষে ২০১০ সালের এইচ এস সি পরীক্ষায় উক্ত ১ থেকে ২ বিষয় (ঐচ্ছিক বিষয় ছাড়া) অথবা সকল বিষয়ে অংশ গ্রহণ করতে পারবে। উল্লেখিত বৎসরে পরীক্ষার্থীদের মধ্যে যারা (২০০৬, ২০০৭, ২০০৮ ও ২০০৯) সালের এইচ এস সি পরীক্ষায় দুই বিষয়ে অংশ গ্রহণ করে দুই বিষয়েই অকৃতকার্য বা এক বিষয়ে অকৃতকার্য হয়েছে অথবা দুই বিষয়েই অনুপস্থিত কিংবা এক বিষয়ে অনুপস্থিত ছিল তারা ঐ অকৃতকার্য/ অনুপস্থিত বিষয়/ বিষয়সমূহে রেজিঃ মেয়াদ থাকা সাপেক্ষে ২০১০ সালের এইচ এস সি পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে।

(iii) রেজিস্ট্রেশন মেয়াদ নবায়ন এর মাধ্যমে পরীক্ষার্থী ঃ ২০০৪-২০০৫ শিক্ষাবর্ষের রেজিস্ট্রেশনকৃত যে সকল পরীক্ষার্থী ২০০৬ বা পরবর্তী বৎসরসমূহে এইচ এস সি পরীক্ষা দিয়ে এক বিষয়ে (চতুর্থ বিষয় বাদে) এবং ২০০৯ সালের এইচ এস সি প্রাইভেট পরীক্ষার্থীদের মধ্যে যারা সকল বিষয়ে পরীক্ষায় অংশ গ্রহণ করে এক বিষয়ে ফেল করেছে তারা রেজিস্ট্রেশন নবায়ন করে ফেল করা ঐ বিষয়ে ২০১০ সালের এইচ এস সি পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে। রেজিঃকার্ড নবায়নের জন্য আগামী ০৫/১১/২০০৯ ইং থেকে ২২/১১/২০০৯ ইং তারিখের মধ্যে ৩০০/= (তিনশত টাকার ব্যংাক ড্রাফট/পে অর্ডার, টেবুলেশন শীটের সত্যায়িত কপিসহ মূল রেজিঃকার্ড অত্র শিক্ষা বোর্ডের কলেজ পরিদর্শকের দপ্তরে এবং প্রাইভেট পরীক্ষার্থীদের কাগজপত্র আলাদাভাবে পরীক্ষা নিয়ন্ত্রকের দপ্তরে জমা দিতে হবে।

উল্লেখ্য, ২০০৫-২০০৬, ২০০৬-২০০৭, ২০০৭-২০০৮ ও ২০০৮-২০০৯ শিক্ষাবর্ষের রেজিস্ট্রেশনকৃত পরীক্ষার্থীরা সকল বিষয়ে পরীক্ষায় অংশ গ্রহণ করলে চতুর্থ বিষয়ের সুবিধা পাবে।

(খ) জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী ঃ শুধুমাত্র ২০০৯ সালের এইচ এস সি পরীক্ষায় অংশ গ্রহণ করে যে সকল পরীক্ষার্থী জিপিএ ৫.০০ এর কম পেয়েছে তারা ২০১০ সালের এইচ এস সি পরীক্ষায় জিপিএ উন্নয়ন পরীক্ষার্থী হিসেবে অংশ গ্রহণ করতে পারবে। এ ধরণের পরীক্ষার্থীগণ কোন অবস্থাতেই কলেজ ও কেন্দ্র পরিবর্তন করতে পারবে না। উল্লেখ্য, জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীদের মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও মূল সনদপত্র আবেদন ফরম জমা দিবার সময় সংশ্লিষ্ট শাখায় আলাদাভাবে নিম্নোক্ত ছক মোতাবেক হাতে হাতে জমা দিতে হবে। ২০০৯ সালে এক/দুই বিষয়ে পরীক্ষা দিয়ে কৃতকার্য কোন পরীক্ষার্থী জিপিএ উন্নয়ন পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে না।

জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীদের ছক ডকুমেন্ট জমা দেয়ার জন্য

| কলেজের নাম | কলেজ কোড | পরীক্ষার্থীর নাম | রেজিঃনং ও শিক্ষাবর্ষ | ২০০৯ সালের রোলনং | ২০০৯ সালের প্রাপ্ত জি পি এ | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |

(গ) ইতোপূর্বে ২০০৭, ২০০৮, ও ২০০৯ সালের এইচ এস সি পরীক্ষায় বহিস্কৃত এবং শৃঙ্খলা কমিটি কর্তৃক শাস্তি প্রাপ্ত পরীক্ষার্থীদের শাস্তির মেয়াদ শেষ হয়ে থাকলে রেজিঃ মেয়াদ থাকা সাপেক্ষে তারা ২০১০ সালের এইচ এস সি পরীক্ষায় অংশ গ্রহণ করতে পারবে। তবে এক্ষেত্রে তাদেরকে সকল বিষয়ে পরীক্ষায় অংশ গ্রহণ করতে হবে।

৮. আবেদন ফরম ও আনুষঙ্গিক কাগজপত্র গ্রহণ ঃ

পরীক্ষার আবেদন ফরম, প্রিন্ট আউট, দাখিলা ফরম ও অন্যান্য আনুষঙ্গিক কাগজপত্র শিক্ষা বোর্ড হতে গ্রহণের তারিখ-

* হবিগঞ্জ ও সুনামগঞ্জ জেলার শিক্ষা প্রতিষ্ঠান সমূহ ঃ ০৮/১২/২০০৯
* সিলেট ও মৌলভীবাজার জেলার শিক্ষা প্রতিষ্ঠান সমূহ ঃ ০৯/০১২/২০০৯

৯. ব্যাংক ড্রাফ্‌ট ক্রয় ও আনুষঙ্গিক কাগজপত্র জমাদান

বিলম্ব ফি ব্যতীত ব্যাংক ড্রাফ্‌ট ক্রয়ের শেষ তারিখ ঃ ১৭/১২/২০০৯

বিলম্ব ফি সহ ব্যাংক ড্রাফ্‌ট ক্রয়ের শেষ তারিখ ঃ ২৯/১২/২০০৯

বিলম্ব ফি ব্যতীত ব্যাংক ড্রাফ্‌ট, আবেদন ফরম ও বিবরণী ফরমসহ আনুষঙ্গিক কাগজপত্র বোর্ডে জমাদানের তারিখ

* হবিগঞ্জ ও সুনামগঞ্জ জেলার শিক্ষা প্রতিষ্ঠান সমূহ ঃ ২২/১২/২০০৯
* সিলেট ও মৌলভীবাজার জেলার শিক্ষা প্রতিষ্ঠান সমূহ ঃ ২৩/১২/২০০৯

বিলম্ব ফিসহ ব্যাংক ড্রাফ্‌ট, আবেদন ফরম, বিবরণী ফরম ও আনুষঙ্গিক কাগজপত্র বোর্ডে জমাদানের তারিখ

* হবিগঞ্জ ও সুনামগঞ্জ জেলার শিক্ষা প্রতিষ্ঠান সমূহ ঃ ০৩/০১/২০১০
* সিলেট ও মৌলভীবাজার জেলার শিক্ষা প্রতিষ্ঠান সমূহ ঃ ০৪/০১/২০১০

ফি জমাদান পদ্ধতি ঃ

সকল প্রকার ফি সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট-এর অনুকূলে সোনালী ব্যাংক এর যে কোন শাখা থেকে ইস্যুকৃত ব্যাংক ড্রাফ্‌ট/পে অর্ডার এর মাধ্যমে অত্র শিক্ষা বোর্ডের হিসাব বিভাগে জমা দিতে হবে। ইস্যুকৃত ব্যাংক ড্রাফ্‌ট/পে অর্ডার এর অপর পৃষ্ঠায় কলেজ অধ্যক্ষের সীলসহ স্বাক্ষর থাকতে হবে।

১১. আবেদনপত্র ফরম পূরণ ও জমাদান সংক্রান্ত অন্যান্য নিয়মাবলী ঃ

ক) আবেদন ফরম পরীক্ষার্থীকে নিজ হাতে পূরণ করতে হবে।

খ) সকল ধরনের পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি (অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত) আবেদন ফরমের সাথে আলাদাভাবে জমা দিতে হবে।

গ) আবেদন ফরমের উপরে ডান পার্শ্বের কোনায় প্রিন্ট আউটের ক্রমিক নম্বর সঠিকভাবে লিখতে হবে।

ঘ) ২০০৪-২০০৫ (রেজিঃকার্ড নবায়নযোগ্য হলে) ২০০৫-২০০৬, ২০০৬-২০০৭ ও ২০০৭-২০০৮ শিক্ষাবর্ষের পরীক্ষার্থীদের পূরণকৃত আবেদন ফরমের সাথে শেষ পরীক্ষা বৎসরের মূল প্রবেশপত্র শিক্ষা বোর্ডে জমা দিতে হবে, তবে যারা পরীক্ষায় অংশ গ্রহণ করেনি তাদের ক্ষেত্রে পাঠ বিরতির প্রত্যয়নপত্র (অধ্যক্ষের মন্তব্যসহ) আবেদন ফরমের সাথে জমা দিতে হবে।

**ঙ) জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে পূর্ববর্তী বৎসরের পরীক্ষার মূল প্রবেশপত্র, মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট ও মূল সনদ আবেদন ফরমের সাথে গেথেঁ না দিয়ে আলাদাভাবে প্রদত্ত ছক মোতাবেক [(১(খ) (iii)-এ বর্ণিত] হাতে হাতে জমা দিতে হবে।**

চ) প্রিন্ট আউটের ক্রমানুসারে গ্রুপ ওয়ারী দুই সেট বিবরণী ফরম প্রস্তুত করতঃ শক্ত সুতা দিয়ে বেঁধে এক সেট পরীক্ষা বিভাগে এবং অন্য সেট হিসাব বিভাগে জমা দিতে হবে।

ছ) দাখিলা ফরমে অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের এক কপি ছবি আইকা দ্বারা নির্দিষ্ট জায়গায় শক্ত করে লাগিয়ে দিতে হবে।

Mudd... 7.10.09

(মোঃ মনির উদ্দিন)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।
ফোন ঃ ০৮২১-৭২০৭০৭ (অফিস

প্রাপক ঃ অধ্যক্ষ

-----------------------------

-----------------------------

তারিখ ঃ ০৭/১০/২০০৯

স্মারক নং ঃ সিশিবো/পনি/উমা/০৫/২০০৯/২৯৩

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরিত হলোঃ

১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, সিলেট।
৪। চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/চট্টগ্রাম/কুমিল্লা/রাজশাহী/যশোর/বরিশাল/দিনাজপুর/ মাদ্রাসা/কারিগরি
৫। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা/চট্টগ্রাম/কুমিল্লা/রাজশাহী/যশোর/বরিশাল/দিনাজপুর/ মাদ্রাসা/কারিগরি
৬। জেলা প্রশাসক, সিলেট/হবিগঞ্জ/ মৌলভীবাজার/সুনামগঞ্জ।
৭। অধ্যক্ষ, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল কলেজ/ স্কুল এন্ড কলেজ।
৮। জেলা শিক্ষা অফিসার, সিলেট/হবিগঞ্জ/মৌলভীবাজার/সুনামগঞ্জ।
৯। অত্র শিক্ষা বোর্ডের কর্মকর্তাগণ।
১০। উপজেলা নির্বাহী কর্মকর্তা, অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন সকল উপজেলা।
১১। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
১২। সংরক্ষণ নথি।

৭/১০/০৯

(হাবিবা বাছিত)
সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
সিলেট।

D.Asmat-joly.2010(Form Fillup.Circular)